# ডিজিটাল ভূমিসেবার গুরুত্বপূর্ণ সার্কুলারসমূহ

ভূমি মন্ত্রণালয়

উন্নত নাগরিক সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৫.২৪.৮০

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০
০৯ এপ্রিল ২০২৪

বিষয়: স্মার্ট ভূমি উন্নয়ন কর আদায়ে ভূমি উন্নয়ন কর আইন ২০২৩ এর কার্যকারিতা সংক্রান্ত।

ভূমি উন্নয়ন কর আইন ২০২৩ এর ধারা ২(১২) অনুযায়ী 'বৎসর' বলতে জুলাই মাসের ১ তারিখ থেকে জুন মাসের ৩০ তারিখ পর্যন্ত সময়কাল উল্লেখ রয়েছে যা ১ জুলাই ২০২৪ তারিখ হতে কার্যকর হবে। অপরদিকে ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায়ের ক্ষেত্রে চলমান বাংলা কর বৎসর আগামী ১৩ এপ্রিল ২০২৪ তারিখ শেষ হবে।

২। বর্ণিতাবস্থায়, আগামী ১৪ এপ্রিল ২০২৪ তারিখ হতে ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত সময়ের ভূমি উন্নয়ন কর নতুন ২০২৪-২৫ অর্থ বছরের সাথে হারাহারিভাবে আদায়যোগ্য হবে।

৩। বর্ণিত বিষয়ে স্মার্ট ভূমি উন্নয়ন কর সিস্টেম উন্নয়ন (Development) করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৯-৪-২০২৪
সেলিম আহমদ
উপসচিব
ফোন: +88029545131
ফ্যাক্স: +88029577344
ইমেইল: lsdmc@minland.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন (বিডি) লিঃ

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৫.২৪.৮০/১(৪৫৫)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০
০৯ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড।
২) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড।
৩) মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম।
৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়।
৬) যুগ্মসচিব, আইন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়।
৭) যুগ্মসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়।
৮) জেলা প্রশাসক (সকল)।
৯) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

১০) উপসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়।

১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।)

১২) সহকারী কমিশনার (ভূমি)(সকল)

১৩) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ।

১৪) ব্যবস্থাপনা পরিচালক, সফট বিডি লিঃ।

১৫) অফিস কপি।

৯-৪-২০২৪
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.০৬.০০২.২৪.৭৮

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০
০৯ এপ্রিল ২০২৪

## পরিপত্র

বিষয়: একই মৌজা পৌর ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস উভয়ের অধিক্ষেত্রে বিস্তৃত হলে খতিয়ান ও দাখিলা প্রদান সংক্রান্ত নির্দেশনা।

কতিপয় মৌজা পৌর ও ইউনিয়ন ভূমি অফিস উভয়ের অধিক্ষেত্রে বিস্তৃত হওয়ায় সংশ্লিষ্ট মৌজার খতিয়ান বা দাখিলা স্বয়ংক্রিয়ভাবে তৈরির সময় কারিগরি জটিলতা দেখা দিচ্ছে। ফলে নামজারি মামলা নিষ্পত্তি ও ভূমি উন্নয়ন কর আদায়সহ নাগরিকগণকে অন্যান্য স্মার্ট ভূমিসেবা প্রদানে জটিলতা হচ্ছে।

২। বর্ণিত সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট মৌজাসমূহ এখন থেকে পৌর ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস উভয়ের অধিক্ষেত্রে বিস্তৃত হবে এবং স্মার্ট ভূমিসেবা সিস্টেমে এ বিষয়ে বিস্তারিতভাবে উল্লেখ থাকবে। উদাহরণস্বরূপ, পিরোজপুর সদর উপজেলার নামাজপুর মৌজার খতিয়ান বা দাখিলা স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হওয়ার সময় পৌর অংশে মৌজা: নামাজপুর (পৌর) এবং ইউনিয়ন অংশে মৌজা: নামাজপুর (ইউনিয়ন) উল্লেখ থাকবে।

৩। অনুরূপভাবে, একই মৌজা সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে বিস্তৃত হলে অনুচ্ছেদ ২-এর প্রক্রিয়া অনুসৃত হবে এবং সিটি কর্পোরেশন অংশে বন্ধনীতে "সিটি" উল্লেখ থাকবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৯-৪-২০২৪
মোঃ খলিলুর রহমান
সচিব
ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩
ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫
ইমেইল:
secretary@minland.gov.bd

বিতরণ:
১) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড

২) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড

৩) মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৬) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়

৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৮) জেলা প্রশাসক (সকল)

৯) সহকারী কমিশনার (ভূমি)

১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়

১১) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ

১২) ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন (বিডি) লি:

১৩) ব্যবস্থাপনা পরিচালক, অলিভিন লিঃ

১৪) অফিস নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩১.০০১.২৪.৭৩

তারিখ: ১৫ চৈত্র ১৪৩০
২৯ মার্চ ২০২৪

বিষয়: **ই -নামজারি সিস্টেমে ম্যানুয়াল/চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমাকৃত অর্থের বিপরীতে ডিসিআর প্রদান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৬ সেপ্টেম্বর,২০২২ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫৭.৩১.০০৫.২২.১৫ নং পত্রের নির্দেশনা মোতাবেক আইবাস সিস্টেম ব্যবহার করে বর্তমানে ই-নামজারির ডিসিআর ফি এ-চালানের মাধ্যমে গত ১ অক্টোবর ২০২২ খ্রি: তারিখ হতে রাষ্ট্রীয় কোষাগারে জমা হচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কতিপয় উপজেলা ভূমি অফিস হতে ম্যানুয়াল চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে ১ অক্টোবর ২০২২ খ্রি: তারিখের পূর্বে ই-নামজারির ডিসিআর ফি ম্যানুয়ালী প্রদান করেছে কিন্তু সেবা গ্রহীতা ম্যানুয়াল ডিসিআর গ্রহণ করেনি। এসব ক্ষেত্রে, ১ অক্টোবর ২০২২ খ্রি: তারিখের পূর্বে ই-নামজারির ডিসিআর ফি বাবদ ম্যানুয়ালি জমাকৃত অর্থের/চালানের বিপরীতে ডিসিআর প্রদান না করা হয়ে থাকলে উক্ত অর্থ/ চালানের বিপরীতে সিস্টেম হতে অটোজেনারেটেড ডিসিআর প্রদান করার লক্ষ্যে সিস্টেমে ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, ম্যানুয়াল পদ্ধতিতে আদায়কৃত রেকর্ড সংশোধন (ডিসিআর) ফি এর বিপরীতে সিস্টেম হতে ডিসিআর প্রস্তুত করে নাগরিকের প্রোফাইলে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করত:, এসব ডিসিআর এর তথ্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক, সহকারী কমিশনার (ভূমি), ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৯-৩-২০২৪
সেলিম আহমদ
উপসচিব
ফোন: +88029545131
ফ্যাক্স: +88029577344
ইমেইল: lsdmc@minland.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি:

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩১.০০১.২৪.৭৩/১(৪৫২)

তারিখ: ১৫ চৈত্র ১৪৩০
২৯ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
২) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৩) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৪) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়

৫) জেলা প্রশাসক (সকল)

৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৭) উপসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৯) ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন (বিডি) লি:

১০) প্রোগ্রামার, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

১১) সহকারী কমিশনার (ভূমি)

১২) অফিস কপি

২৯-৩-২০২৪
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৪.২৪.৭০ তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

বিষয়: **ম্যনুয়াল চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমাকৃত অর্থের বিপরীতে দাখিলা প্রদান প্রসংঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইবাস সিস্টেম ব্যবহার করে বর্তমানে **ভূমি উন্নয়ন কর** এ-চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা হচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কতিপয় ভূমি অফিস হতে ম্যনুয়াল চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে ভূমি উন্নয়ন করের অর্থ জমা করেছে। গত ১৪ এপ্রিল, ২০২৩ এর আগে ম্যানুয়ালি জমাকৃত ভূমি উন্নয়ন করের বিপরীতে দাখিলা গ্রহণ করা হয় নাই সেসব ক্ষেত্রে ম্যানুয়াল চালানের বিপরীতে স্মার্ট ভূমি উন্নয়ন কর সিস্টেম হতে অটোজেনারেটেড দাখিলা প্রদান করার কোন সুযোগ নেই।

এমতাবস্থায়, ম্যানুয়াল পদ্ধতিতে আদায়কৃত **ভূমি উন্নয়ন করের** বিপরীতে দাখিলা প্রস্তুত করে নাগরিকের প্রোফাইলে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করত: এসব দাখিলার তথ্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক, সহকারী কমিশনার (ভূমি), ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৭-৩-২০২৪
সেলিম আহমদ
উপসচিব
ফোন: +88029545131
ফ্যাক্স: +88029577344
ইমেইল: lsdmc@minland.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন(বিডি) লি:

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৪.২৪.৭০/১(৪৫২) তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
২) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
৩) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
৪) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়
৫) জেলা প্রশাসক (সকল)

৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৭) উপসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৯) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ

১০) প্রোগ্রামার, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

১১) সহকারী কমিশনার (ভূমি)

১২) অফিস কপি

২৭-৩-২০২৪

সেলিম আহমদ

উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৫.২৪.৭১

তারিখ: ১২ চৈত্র ১৪৩০
২৬ মার্চ ২০২৪

বিষয়: **স্মার্ট ভূমি উন্নয়ন কর সিস্টেমে ভূমি উন্নয়ন কর প্রদানের আবেদন না-মঞ্জুরের কারণের ট্যামপ্লেট প্রদান সঙ্ক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, মাঠ পর্যায়ে মনিটরিং কর্মকর্তাদের ফিডব্যাক হতে জানা যায় যে, ইউনিয়ন ভূমি সহকারী/ উপসহকারী কর্মকর্তাগণ কোন কোন ক্ষেত্রে নাগরিক কর্তৃক ভূমি উন্নয়ন করের আবেদন না-মঞ্জুরের ক্ষেত্রে সু-নির্দিষ্ট কোন কারণ উল্লেখ করেন না। অনেক সময় উল্লিখিত কারণ প্রকৃত কারণ থেকে ভিন্নতর হয়ে থাকে।

তাই, ভূমি উন্নয়ন করের আবেদন বাতিলের ক্ষেত্রে কিছু সুনির্দিষ্ট কারণের নমুনা উল্লেখ করা হল।

ক) নিবন্ধনকারী ও খতিয়ানের মালিক ভিন্ন ব্যক্তি হওয়ায় আবেদনটি বাতিল করা হল।
খ) ইতোমধ্যে আবেদনকৃত হোল্ডিংটি ভূমি উন্নয়ন প্রদানের জন্য অনুমোদন প্রদান করা হয়েছে।
গ) আবেদনকৃত সম্পত্তিতে সরকারি স্বার্থ থাকায় আবেদনটি বাতিল করা হল
ঘ) আবেদনকৃত সম্পত্তি নিয়ে আদালতে মামলা চলমান থাকায় আবেদনটি বাতিল করা হল।
ঙ) আবেদনকৃত খতিয়ান নম্বরটি ভুল হয়েছে, সঠিক খতিয়ান নম্বর দিয়ে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।
চ) আবেদনকৃত হোল্ডিং এ জমি অবশিষ্ট না থাকায় বাতিল করা হল।
ছ) আবেদনকৃত সম্পত্তি অর্পিত সম্পত্তির 'ক' তফসিল ভুক্ত, তাই বাতিল করা হল।
জ) অন্যান্য (অন্য কোন বিশেষ কারণ)।

২। বর্ণিত কারণসমূহ স্মার্ট ভূমি উন্নয়ন কর সিস্টেমে সংযোজন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৬-৩-২০২৪
সেলিম আহমদ
উপসচিব
ফোন: +88029545131
ফ্যাক্স: +88029577344
ইমেইল: lsdmc@minland.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন(বিডি) লিঃ

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৫.২৪.৭১/১(৪৫১)

তারিখ: ১২ চৈত্র ১৪৩০
২৬ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
২) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৩) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়

৪) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৫) যুগ্মসচিব, আইন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৬) সকল জেলা প্রশাসক অফিসার

৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৮) উপসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়

১০) সহকারী কমিশনার (ভূমি)

১১) প্রোগ্রামার, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

২৬-৩-২০২৪
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৩.২৪.৬৪

তারিখ: ৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

বিষয়: **জেলা জজ মহাফেজখানা রেকর্ড বা খতিয়ান ফটোকপি /স্ক্যান করা প্রসংগে।**

সূত্র: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১২.২২-১৭, তারিখঃ১৪ সেপ্টেম্বর,২০২২ খ্রি:
স্মারক নং ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১২.২২-১৭ তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মৌজার জরিপ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর চূড়ান্তভাবে প্রকাশিত প্রত্যেক মৌজার খতিয়ান ও ম্যাপ নিয়ম অনুযায়ী স্ব-স্ব জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুমে, বিজ্ঞ জেলা ও দায়রা জজ এর রেকর্ডরুমে, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসে সংরক্ষণ করা হয়। জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ড ডিজিটাইজড করে আপলোডের কাজ চলমান রয়েছে। তবে জেলা রেকর্ডরুম, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসে সংরক্ষিত কিছু কিছু রেকর্ডের পাতা ছেঁড়া, ফাটা বা অস্পষ্ট রয়েছে। এতে ভূমি ডাটা ডিজিটাইজেশন এর কাজ ব্যাহত এবং জনস্বার্থে বিঘ্নিত হচ্ছে।

০২। এমতাবস্থায়, এ সমস্যা দূর করার লক্ষ্যে স্ব-স্ব জেলার বিজ্ঞ জেলা ও দায়রা জজের রেকর্ডরুমে সংরক্ষিত রেকর্ড হতে জেলা প্রশাসকের চাহিদা মোতাবেক খতিয়ান ফটোকপি/স্ক্যান করে সফট কপি সংগ্রহ কাজে সহায়তা করার লক্ষ্যে বিজ্ঞ জেলা ও দায়রা জজকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-৩-২০২৪
সেলিম আহমদ
উপসচিব
ফোন: +88029545131
ফ্যাক্স: +88029577344
ইমেইল: lsdmc@minland.gov.bd

সচিব , আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৩.২৪.৬৪/১(৭৯)

তারিখ: ৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
৩) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড
৪) মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
৫) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
৬) জেলা প্রশাসক ( সকল)

৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়
৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
৯) অফিস কপি

১৮-৩-২০২৪
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১৪.২৩.৩৭

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

বিষয়: **পুরাতন নামজারি খতিয়ান স্মার্ট ভূমি রেকর্ড (ই-পর্চা) ও ম্যাপ সিস্টেমে লিপিবদ্ধ প্রসঙ্গে।**

স্মার্ট ভূমি রেকর্ড ও ম্যাপ (ই-পর্চা) সিস্টেম ব্যবহার করে নাগরিকগণ বর্তমানে সার্ভে খতিয়ানসহ নামজারী খতিয়ান সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য যেমন, মালিকের নাম, দাগ নম্বর, পিতার নাম, খতিয়ান নম্বর ইত্যাদি দেখতে পারে এবং অনলাইন কপি সংগ্রহ বা সার্টিফাইড কপির জন্য আবেদন করতে পারে।

২। স্মার্ট ভূমি রেকর্ড ও ম্যাপ (ই-পর্চা) সিস্টেমে নামজারী খতিয়ানের অপ্রতুলতার কারণে নাগরিক নামজারী খতিয়ানের সেবা গ্রহণে কাঙ্ক্ষিত সেবা পেতে বিলম্বের সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, স্মার্ট ভূমি রেকর্ড ও ম্যাপ (ই-পর্চা) সিস্টেমে দ্রুত সকল নামজারী খতিয়ানের তথ্য সন্নিবেশ করা জরুরী।

৩। বর্তমানে বিভিন্ন উপজেলায় বিদ্যমান পুরাতন নামজারী খতিয়ানসমূহ ekhatian.land.gov.bd/mutation.land.gov.bd এই সিস্টেম এর মাধ্যমে এন্ট্রি হয়ে আসছে। এ কাজটি আরও দ্রুত ও বেগবান করার জন্য এখন থেকে নামজারী খতিয়ান ekhatian.land.gov.bd/mutation.land.gov.bd এই সিস্টেমের পরিবর্তে স্মার্ট ভূমি রেকর্ড ও ম্যাপ (ই-পর্চা) সিস্টেমে (eporcha.gov.bd) সরাসরি এন্ট্রি করার ব্যবস্থা করা হয়েছে।

৪। এমতাবস্থায় এখন থেকে পুরাতন নামজারি খতিয়ানসমূহ স্মার্ট ভূমি রেকর্ড ও ম্যাপ (ই-পর্চা) সিস্টেমে (eporcha.gov.bd) এর মাধ্যমে এন্ট্রি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্মার্ট ভূমি রেকর্ড ও ম্যাপ (ই-পর্চা) সিস্টেম সম্পর্কিত যে কোন তথ্য বা আইডি পাসওয়ার্ড এর জন্য নিম্নে উল্লিখিত ব্যক্তিদের সাথে যোগাযোগ করা যাবে।

| নাম | পদবি | মোবাইল | প্রতিষ্ঠান |
|---|---|---|---|
| কামরুল হাসান তানবীর | প্রজেক্ট ম্যানেজার | ০১৬৭৬৪৯২৭৮৯ | সফটবিডি লিমিটেড |
| সাজ্জাদ হোসেন শৈবাল | প্রজেক্ট ম্যানেজার | ০১৬৮৪১৬৪২৭২ | সফটবিডি লিমিটেড |

২১-১১-২০২৩
সেলিম আহমদ

জেলা প্রশাসক (সকল)

উপসচিব
ফোন: +88029545131
ফ্যাক্স: +88029577344
ইমেইল: lsdmc@minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১৪.২৩.৩৭/১(৮৩)

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড

২) মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

৩) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৪) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মাঠপ্রশাসন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৫) অতিরিক্ত সচিব , জরিপ অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব, প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়

৭) সেল প্রধান (যুগ্মসচিব), ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৮) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৯) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়

১১) প্রোগ্রামার, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

১২) ব্যবস্থাপনা পরিচালক, সফট বিডি লিমিটেড

১৩) অফিস কপি

২১-১১-২০২৩
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১৪.০১.০৭৬.২০-৩৪৪১

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ / ০৯ অক্টোবর ২০২৩

বিষয়ঃ জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহের জেলা রেকর্ডরুমের ব্যয় নির্বাহের জন্য অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৮.২০.০২৪.২৩-১২২, তারিখ: ০১-১০-২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে চলতি ২০২৩-২৪ অর্থবছরে জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহের এস.এ, এল.এ ও রেকর্ডরুমের ব্যয় নির্বাহের নিমিত্ত "১৪৬০৪০১-জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহ" প্রাতিষ্ঠানিক কোডের আওতাধীন "৩২৫৫-মুদ্রণ ও মনিহারি" খাতের অধীন "৩২৫৫১০২-মুদ্রণ ও বাঁধাই" উপখাতে চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯/১০/২৩
(সাবরিনা সুলতানা)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড
মোবাইলঃ ৯৫৬২৫৮৭
ইমেইলঃ alrc4@lrb.gov.bd

জেলা প্রশাসক
(সকল)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/ খুলনা/সিলেট/ময়মনসিংহ।
৩। যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপভূমি সংস্কার কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/ খুলনা/সিলেট/ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১১.২৩.১৯

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **স্মার্ট ভূমিসেবা বাস্তবায়নের লক্ষ্যে ডাটা এন্ট্রি কার্যক্রম দ্রুত ও নির্ভুলকরণ প্রসঙ্গে।**

সূত্র: পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-৩, ভূমি মন্ত্রণালয়ের ২৭/০৩/২৩ তারিখের স্মারক নং-
৩১.০০.০০০০.০৫৩.১৪.০০১.১৬-২০।

স্মার্ট ভূমিসেবা সহজিকরণের লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনার ডাটাসমূহ ডিজিটাইজেশনের উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় ৬১ জেলার রেজি:-২ (হোল্ডিং), ই-মিউটেশন সিস্টেম চালুর পূর্বে সর্বশেষ জরিপের উপর পুরাতন নামজারি খতিয়ানের ডাটা এন্ট্রি এবং ৭(সাত) টি জেলা (গাজীপুর, গোপালগঞ্জ, শেরপুর, জামালপুর, দিনাজপুর, পাবনা ও রাজশাহী জেলার (পুঠিয়া ও বাঘা উপজেলা) রেকর্ডরুমের সর্বশেষ জরিপের খতিয়ানের ডাটা এন্ট্রির জন্য বরাদ্দ ইতোমধ্যে প্রদান করা হয়েছে।

২। ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে ৬১ জেলার রেজি:-২ এর হোল্ডিং ও নামজারি খতিয়ানের ডাটা এন্ট্রির জন্য মোট ১১৫ কোটি ২৬ লক্ষ টাকা এবং বর্ণিত ৭ (সাত) জেলার রেকর্ডরুমের খতিয়ানের ডাটা এন্ট্রির জন্য মোট ৬ কোটি ২৬ লক্ষ টাকা সর্বমোট ১২১ কোটি ৮৮ লক্ষ টাকা জেলা পর্যায়ে জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে।

৩। জেলা প্রশাসকগণ হতে প্রাপ্ত ডাটা এন্ট্রি রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, আগষ্ট ২০২৩ পর্যন্ত ldtax.gov.bd সিস্টেমে ৬১ জেলায় রেজি:২ এর হোল্ডিং মোট ৪ কোটি ৩১ লক্ষ ৫৩ হাজার ডাটা এন্ট্রি করা হয়েছে, যার মধ্যে ৪ কোটি ২৭ লক্ষ ২২ হাজার হোল্ডিং অনুমোদিত হয়েছে। অনুরূপভাবে mutation.land.gov.bd সিস্টেমে ৫৯ লক্ষ ৮০ হাজার পুরাতন নামজারী খতিয়ান এন্ট্রি করা হয়েছে, যার মধ্যে আগস্ট ২০২৩ পর্যন্ত মাত্র ৪৬ লক্ষ ০৮ হাজার এন্ট্রিকৃত খতিয়ান চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। এছাড়াও বর্ণিত ৭ টি জেলার রেকর্ডরুম হতে eporcha.gov.bd সিস্টেমে ১৫ লক্ষ ৩৫ হাজার খতিয়ান এন্ট্রি ও ১৪ লক্ষ ২১ হাজার খতিয়ান চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। এক্ষেত্রে এন্ট্রিকৃত খতিয়ান অনুমোদনে যুক্তিসংগত কারণ ছাড়া কোনোভাবেই বিলম্ব করা যাবে না। এ বিষয়ে জেলা প্রশাসকগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৪। এন্ট্রিকৃত ডাটাসমূহ পর্যালোচনা করে দেখা যায়, চাহিদা মোতাবেক অর্থ ছাড় করা সত্ত্বেও অনেক উপজেলায় রেজি:২ এর (হোল্ডিং), পুরাতন নামজারী ও রেকর্ড খতিয়ান এন্ট্রি ও এর অনুমোদনের ক্ষেত্রে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে এবং কিছু কিছু ক্ষেত্রে ভুল তথ্য এন্ট্রি করা হয়েছে যা মোটেও কাম্য নয়।

৫। অদ্যাবধি এন্ট্রিকৃত সকল ডাটা পর্যালোচনা করে যে সমস্ত ত্রুটি পরিলক্ষিত হয়েছে তা নিম্নে তুলে ধরা হলো।

(১)রেজিঃ-২ (হোল্ডিং) এর এন্ট্রিকৃত ডাটার চিহ্নিত সমস্যাসমূহ:

ক) একের অধিক মালিকের নাম থাকলেও ডাটা এন্ট্রির সময় মাত্র একজন বা অল্প কয়েকজন মালিকের নাম এন্ট্রি করা হয়েছে।

খ)একের অধিক দাগ থাকলেও অনেক দাগের তথ্য এন্ট্রি বাদ দেয়া হয়েছে ।

গ)জমির মালিকের নাম, দাগ নম্বর, শ্রেণি, জমির পরিমাণ এন্ট্রিতে ভুল তথ্য দেয়া হয়েছে।

ঘ)একই হোল্ডিংয়ে একের অধিক মালিকের ক্ষেত্রে মালিকের অংশ ভুল তথ্য এন্ট্রি দেয়া হয়েছে।

ঙ)ভূমি উন্নয়ন কর নির্ধারণে অনেক ক্ষেত্রে অঞ্চল সেটিং না করার ফলে অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ে দাবি নির্ধারণ সঠিকভাবে করা যাচ্ছে না।

**(২)পুরাতন নামজারী খতিয়ান ও রেকর্ডরুমের এন্ট্রিকৃত ডাটার চিহ্নিত সমস্যাসমূহ:**

ক)এন্ট্রিকৃত খতিয়ানে মালিকের নাম, দাগ নম্বর, শ্রেণি, দাগের মধ্যে অত্র খতিয়ানের অংশ এন্ট্রিতে ভুল করা হয়েছে।

খ)গত খতিয়ান নম্বর দেয়া হয়নি বা ভুলভাবে এন্ট্রি করা হয়েছে বা অনেকক্ষেত্রে একই মৌজার একাধিক খতিয়ানে একই নম্বর ব্যবহার করা হয়েছে ।

গ)এন্ট্রিকৃত খতিয়ানের ভুল স্ক্যান কপি আপলোড করা হয়েছে।

ঘ)এন্ট্রিকৃত ডাটায় ভুল তথ্য থাকায় ডাটার তথ্য লাইভ করা/ পাবলিকের জন্য উন্মুক্ত করা সম্ভব হচ্ছে না।

এন্ট্রিকৃত খতিয়ানের সঠিকতা (এন্ট্রিকৃত খতিয়ানে মালিকের নাম, দাগ নম্বর, শ্রেণি, দাগের মধ্যে সংশ্লিষ্ট খতিয়ানের অংশ, জমির পরিমাণ ইত্যাদি) নিখুঁতভাবে যাচাই করা প্রয়োজন। উল্লেখ্য যে, নির্ভুল ডাটা এন্ট্রি ও ত্রুটিপূর্ণ ডাটা সংশোধনপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য জেলা প্রশাসকগণকে সূত্রোক্ত স্মারকে অনুরোধ করা হয়েছিল। রেজি-২ এর হোল্ডিং ও পুরাতন নামজারী খতিয়ান এন্ট্রিতে চিহ্নিত সমস্যার নিরসন করে ত্রুটিসমূহ দূর করা আবশ্যক। যারা ডাটা এন্ট্রির কাজ করেছে, তাদের দ্বারাই ত্রুটিসমূহ মুক্ত করতে হবে। এর জন্য দ্বিতীয়বার কোনো অতিরিক্ত টাকা / বিল দেয়া যাবে না, যা ইতিপূর্বের সরকারী আদেশে উল্লেখ করা হয়েছিল। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

৬। এক্ষেত্রে রেজি-২ এর হোল্ডিং, পুরাতন নামজারী খতিয়ান ও রেকর্ডরুমের খতিয়ানের এন্ট্রিকৃত ডাটার সকল তথ্য, জেলা-উপজেলা-মৌজার নাম, খতিয়ান নম্বর, আগত খতিয়ান নম্বর (প্রযোজ্য ক্ষেত্র), জমির সকল মালিকের নাম, সকল দাগ নম্বর, শ্রেণি, সকল দাগের জমির পরিমাণ, মালিকের অংশ, অঞ্চল সেটিং, আপলোডকৃত খতিয়ানের স্ক্যান কপি (প্রযোজ্য ক্ষেত্র) ইত্যাদি নিখুঁতভাবে যাচাই করে তথ্যসমূহ আপলোড করা প্রয়োজন। এছাড়াও রেকর্ডরুমের সর্বশেষ জরিপের খতিয়ানের ডাটা এন্ট্রিপূর্বক করে ও যথাযথভাবে অনুমোদন করে দ্রুত স্মার্ট ভূমি রেকর্ড ও ম্যাপ ( ই-পর্চা, বর্তমান নাম DLRMS) সিস্টেমে আপলোড করা প্রয়োজন । সকল ডাটা এন্ট্রির কাজ আগামী ৩০শে অক্টোবর ২০২৩ এর মধ্যে শেষ করতে জেলা প্রশাসকগণ সংশ্লিষ্টদের সক্রিয় নির্দেশনা প্রদান করবেন।

৭। ভূমিসেবা সহজিকরণের লক্ষ্যে সকল প্রকার অনলাইন ডাটা এন্ট্রির কার্যক্রম নির্ভুলভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে অনুরোধ করা হলো। ডাটা এন্ট্রির বিদ্যমান সার্কুলার অনুসারে ডাটা এন্ট্রির প্রয়োজনীয় বাজেটের জন্য ডাটা এন্ট্রির আপডেট রিপোর্টসহ উপ-প্রকল্প পরিচালক (মোবাইলঃ০১৭১৫০০৪১২৭), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয় (ভূমি ভবন, ১২-তম ফ্লোর, তেজগাঁও, ঢাকা) এর সাথে আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে যোগাযোগ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৪-৯-২০২৩

সেলিম আহমদ
উপসচিব
ফোন: +88029545131
ফ্যাক্স: +88029577344
ইমেইল: lsdmc@minland.gov.bd

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১১.২৩.১৯/১(৫০৮)

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

২) অতিরিক্ত সচিব , জরিপ অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৩) যুগ্মসচিব, প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়

৪) সেল প্রধান (যুগ্মসচিব), ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৮) সহকারী কমিশনার (ভূমি)

৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়

১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ভূমি মন্ত্রণালয়

১১) ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট বিডি লিঃ ঢাকা

১২) অফিস কপি

১৪-৯-২০২৩
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১০.২৩.১৮

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **সকল উপজেলার অন্তর্ভুক্ত প্রতিটি মৌজার নামজারি খতিয়ান তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

সূত্র: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১৪.২০.৩৯৫; তারিখ ২০ মে ২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সকল উপজেলায় বিদ্যমান নামজারি খতিয়ান তথ্য বিশ্লেষণ, স্মার্ট ভূমি রেকর্ডস ও ম্যাপ (ই-পর্চা) সিস্টেমের সাথে তথ্য যাচাই, বর্তমানে অবস্থা এবং পরবর্তী করণীয় নির্ধারণ করার লক্ষ্যে মৌজা ভিত্তিক নামজারি খতিয়ানের নিম্নলিখিত তথ্য জরুরী ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন।

০২। নামজারি খতিয়ান তথ্য সরবরাহকালে আপনার জেলার মৌজা ভিত্তিক সর্বমোট খতিয়ান সংখ্যা, সিস্টেমে এন্ট্রিকৃত খতিয়ান সংখ্যা, এন্ট্রি হয়নি এমন খতিয়ান সংখ্যা এবং এন্ট্রিযোগ্য নয় এমন খতিয়ান সংখ্যা উল্লেখ করতে হবে। উল্লেখ্য ইতোপূর্বে সূত্রোল্লিখিত পত্র প্রেরণ করা হয়েছিল কিন্তু সকল তথ্য এখনও পাওয়া যায় নি।

০৩। এমতাবস্থায়, নামজারি খতিয়ানের চাহিত তথ্যগুলি সংযুক্ত এক্সেল শীট অনুসরণ করে আপনার জেলার অন্তর্ভুক্ত সকল মৌজার জন্য প্রস্তুত করে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কুরিয়ার মারফত অথবা ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-৯-২০২৩

সেলিম আহমদ
উপসচিব
ফোন: +88029545131
ফ্যাক্স: +88029577344
ইমেইল: lsdmc@minland.gov.bd

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১০.২৩.১৮/১(৫০৮)

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
৩) অতিরিক্ত সচিব , জরিপ অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
৪) যুগ্মসচিব, প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়
৫) সেল প্রধান (যুগ্মসচিব), ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১০) সহকারী কমিশনার (ভূমি)
১১) ব্যবস্থাপনা পরিচালক, মাই সফট বিডি লিঃ
১২) অফিস কপি

১৪-৯-২০২৩
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স

(ডিকেএমপি) অনুবিভাগ

বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।

www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৯.২৩.১৭

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০ / ১৪ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **সার্ভে খতিয়ান তথ্য সরবরাহ প্রসংগে।**

সূত্র: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১৪.২০.৩৯৪, তারিখঃ২৪ মে ,২০২৩ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সকল উপজেলায় বিদ্যমান সার্ভে খতিয়ান তথ্য বিশ্লেষণ, স্মার্ট ভূমি রেকর্ডস (ই-পর্চা) সিস্টেমের সাথে তথ্য যাচাই, বর্তমান অবস্থা এবং পরবর্তী করণীয় নির্ধারণ করার লক্ষ্যে উপজেলা ভিত্তিক সার্ভে খতিয়ানের নিম্নলিখিত তথ্য জরুরী ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন।

০২। সার্ভে খতিয়ান তথ্য সরবরাহকালে আপনার জেলার অন্তর্ভুক্ত সকল উপজেলার সর্বমোট খতিয়ান সংখ্যা, সিস্টেমে এন্ট্রিকৃত খতিয়ান সংখ্যা, এন্ট্রি হয়নি এমন খতিয়ান সংখ্যা এবং এন্ট্রিযোগ্য নয় এমন খতিয়ান সংখ্যা উল্লেখ করতে হবে। ইতোমধ্যে বর্ণিত সূত্রে এ সংক্রান্ত একটি পত্র প্রেরণ করা হয়েছিল। তবে সকল উপজেলা থেকে এখনও সকল তথ্য পাওয়া যায় নি।

০৩। এমতাবস্থায়, সার্ভে খতিয়ানের চাহিত তথ্যগুলি সংযুক্ত এক্সেল শীট অনুসরণ করে আপনার জেলার অন্তর্ভুক্ত সকল উপজেলার জন্য প্রস্তুত করে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কুরিয়ার মারফত অথবা ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-৯-২০২৩

সেলিম আহমদ

উপসচিব

ফোন: +88029545131

ফ্যাক্স: +88029577344

ইমেইল: lsdmc@minland.gov.bd

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৯.২৩.১৭/১(৫০৮)

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০ / ১৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

২) অতিরিক্ত সচিব , জরিপ অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৩) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৪) প্রকল্প পরিচালক, ভূমি ভবন, ভূমি মন্ত্রণালয়

৫) সেল প্রধান (যুগ্মসচিব), ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়
৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৯) সহকারী কমিশনার (ভূমি)
১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়
১১) ব্যবস্থাপনা পরিচালক, সফট বিডি লিঃ ঢাকা।
১২) অফিস কপি

১৪-৯-২০২৩
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩১.০০১.২৩.১৬

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০
১৩ সেপ্টেম্বর ২০২৩

## পরিপত্র

বিষয়: খতিয়ানে করণিক ভুল সংশোধন/বাতিল সংক্রান্ত নির্দেশনা।

ই-নামজারি সিস্টেমে খতিয়ানের করণিক ভুল সংশোধনের প্রক্রিয়াটি উন্মুক্ত থাকায় বিভিন্ন উপজেলা/ সার্কেল ভূমি অফিস কর্তৃক ভিন্ন ভিন্ন পদ্ধতি অনুসরণ করে ভুল সংশোধন করা হচ্ছে। এর ফলে খতিয়ানের ধারাবাহিকতা সংরক্ষণে জটিলতার সৃষ্টি হচ্ছে। তাই সংশ্লিষ্ট ভূমি অফিস সমূহে অভিন্ন পদ্ধতি চালু করার লক্ষ্যে ই-নামজারি পদ্ধতিতে (সিস্টেমে) প্রয়োজনীয় পরিবর্তন আনা হয়েছে।

২। এখন থেকে নাগরিকের আবেদনের ভিত্তিতে অথবা সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক স্বীয় উদ্যোগে খতিয়ান সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ভূমি অফিস একই পদ্ধতি অনুসরণ করবে। প্রতিটি ক্ষেত্রে খতিয়ান সংশোধন/বাতিলের জন্য মিস কেস রেজিস্টারে এন্ট্রি করতে হবে। এরপর মিসকেস নম্বর ও খতিয়ান সংশোধন/বাতিলের বিবরণ সিস্টেমে প্রদান করতে হবে। অতঃপর আদেশ প্রদান করে খতিয়ান সংশোধন করা যাবে। উল্লেখ্য, এরূপ সংশোধনের পরে সিস্টেমে মিসকেস নম্বরসহ খতিয়ান সংশোধন/বাতিলের বিবরণ নতুন খতিয়ানের মন্তব্য কলামে প্রদর্শিত হবে।

৩। সংশোধিত/বাতিলকৃত খতিয়ানটিতে সংশোধিত কিউআর(QR) কোড ব্যবহৃত হবে। ফলে পুরানো খতিয়ানের কিউআর (QR) কোড স্ক্যান করলে সংশোধিত খতিয়ানটি পাওয়া যাবে।

৪। মিসকেসের মাধ্যমে খতিয়ান বাতিল হলে সংশোধিত খতিয়ানে 'বাতিল' লেখা থাকবে।

৫। মিসকেসের মাধ্যমে খতিয়ান সংশোধন/বাতিল কার্যক্রমের ধারাবাহিক পদ্ধতি (ইউজার ম্যানুয়াল) এ পরিপত্রের সাথে সংযুক্ত করা হলো।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৩-৯-২০২৩
মোঃ খলিলুর রহমান
সচিব
ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩

ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫
ইমেইল:
secretary@minland.gov.bd

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২) সিনিয়র সচিব/সচিব (সকল)

৩) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড

৪) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড

৫) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৬) অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়

৭) পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

৮) সেল প্রধান (যুগ্মসচিব), ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৯) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

১০) উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস

১১) জেলা প্রশাসক (সকল)

১২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়

১৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

১৫) সহকারী কমিশনার (ভূমি)

১৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়

১৭) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ ঢাকা

১৮) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

**বিষয়ঃ গত ২২/০৮/২০২৩ তারিখে ভূমি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত "ভূমিসেবা অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভা"র কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি,<br>মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়। |
| সময় | : বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : ভূমি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ । |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-"ক"-তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য যুগ্মসচিব, ডিকেএমপি-কে অনুরোধ জানান। যুগ্মসচিব, ডিকেএমপি সভাকে অবহিত করেন যে, অনেক নাগরিক অভিযোগ জানাচ্ছেন যে, ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ না করে নামজারির আবেদন না- মঞ্জুর করা হচ্ছে। এছাড়া নামজারি মিসকেসের তারিখ ও রায় নিয়েও অনেক ক্ষেত্রে নাগরিকের ভোগান্তি হচ্ছে। ভূমি উন্নয়ন কর নিয়েও জনগণ হয়রানির শিকার হচ্ছেন। অনেক ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা অনলাইন ভূমি উন্নয়ন কর সিস্টেমে রেজিস্টার্ড ভূমি মালিকের নাগরিকের ভূমি উন্নয়ন করের আবেদন/আপলোডকৃত খতিয়ান ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যেও সমন্বয়/অনুমোদন করছেন না। অধিকন্তু সমন্বয়/ অনুমোদন না করে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক ভূমি উন্নয়ন কর প্রদানের আবেদন বাতিল করছেন। এ বিষয়ে জরুরি পদক্ষেপ নেয়া দরকার।

সচিব, ভূমি মন্ত্রণালয় সভায় জানান ভূমি কর্মকর্তাদের ডিজিটাল ভূমিসেবা বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করার প্রয়োজনীয়তা রয়েছে পাশাপাশি নাগরিকগণকে প্রচারের মাধ্যমে সচেতন করাও প্রয়োজন। তিনি আরও বলেন স্মার্ট ভূমিসেবা প্রদানের লক্ষ্যে স্মার্ট ভূমিসেবা বিষয়ে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা জরুরি হয়ে পড়েছে। সভাপতিসহ উপস্থিত সকলেই এতে একমত পোষণ করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. নামজারি আবেদন না-মঞ্জুরের নথি বিশ্লেষণ করত: না-মঞ্জুরের কারণ পরিপত্র অনুযায়ী হয়েছে কী না সেটি জেলা প্রশাসকগণ পর্যবেক্ষণ করবেন।

২. জেলা প্রশাসকগণ নিষ্পত্তিকৃত মিসকেস পর্যালোচনা করবেন। পরিদর্শনকালে আদেশ পরিবর্তন হলে তার যৌক্তিকতা নিরূপণ করবেন।

৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক ০৭ (সাত) দিনের মধ্যে নামজারির প্রস্তাবপত্র/প্রতিবেদন প্রদানের নির্দেশনা প্রতিপালিত হচ্ছে কিনা জেলা প্রশাসকগণ তা পর্যবেক্ষণ করবেন।

৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা অনলাইন ভূমি উন্নয়ন কর সিস্টেমে রেজিস্টার্ড ভূমি মালিকের নাগরিকের ভূমি উন্নয়ন করের আবেদন/আপলোডকৃত খতিয়ান ০৭ (সাত) কর্মদিবসের মধ্যেই সমন্বয়/অনুমোদন করছেন কিনা তা জেলা প্রশাসকগণ পর্যবেক্ষণ করবেন ।

অপর পাতা দ্রষ্টব্য

CamScanner

৫. সমন্বয়/অনুমোদন না করে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক ভূমি উন্নয়ন কর প্রদানের আবেদন বাতিলের নথি বিশ্লেষণ করত: বাতিলের কারণ বিধি অনুযায়ী হয়েছে কি-না, সেটি জেলা প্রশাসকগণ পর্যবেক্ষণ করবেন।

৬. ডিজিটাল ভূমিসেবা গ্রহণে নাগরিকগণকে এবং উত্তম ভূমিসেবা প্রদানে ভূমি কর্মকর্তাদের প্রশিক্ষিতকরণে জেলা প্রশাসকগণ নানাবিধ প্রচার ও প্রশিক্ষণ কৌশল গ্রহণ করবেন।

৭. বর্তমানে ই-নামজারির সময় ম্যানুয়াল খতিয়ান নম্বর দেওয়া হয়। সেক্ষেত্রে মন্ত্রণালয় প্রদত্ত নির্ধারিত কোডের অটোমেটেড খতিয়ান নম্বর প্রদান করতে হবে।

৮. বর্তমানে ম্যানুয়াল হোল্ডিং নম্বর প্রদান করা হচ্ছে। ম্যানুয়াল নম্বরের পরিবর্তে ই-নামজারির মতো অটো-জেনারেটেড হোল্ডিং নম্বর প্রদান করতে হবে।

১-৫ নম্বর ক্রমিকের পর্যবেক্ষণের আলোকে জেলা প্রশাসকগণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সাইফুজ্জামান চৌধুরী
মাননীয় মন্ত্রী
ভূমি মন্ত্রণালয়

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

সর্বোচ্চ অগ্রাধিকার

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০০৮.২৩.৮

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

## পরিপত্র

বিষয়: আইবাস সিস্টেম ব্যবহার করে সরকারি আবাসন (Housing) প্রকল্পসহ অনলাইনে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা বিষয়ে পরিপূরক নির্দেশনা।

রাজউক ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের অধীন বিভিন্ন সরকারি আবাসন প্রকল্প (যেমনঃ উত্তরা আবাসিক এলাকা, পূর্বাচল নতুন শহর, উত্তরা আবাসন প্রকল্প ইত্যাদি) এলাকায় ই-নামজারির মাধ্যমে ভিন্নভাবে খতিয়ান নম্বর প্রদান করা হচ্ছে (যেমন, খতিয়ান নম্বরঃ ০)। এভাবে প্রস্তুতকৃত খতিয়ান দিয়ে অনলাইন ভূমি উন্নয়ন কর প্রদানসহ রেকর্ড হালনাগাদকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে। ভূমি উন্নয়ন কর আদায়ের জটিলতা নিরসনকল্পে নিম্ন রূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

২। (ক) সরকারি আবাসন প্রকল্প এলাকায় ই-নামজারির মাধ্যমে প্রস্তুতকৃত চূড়ান্ত খতিয়ানে সংশ্লিষ্ট মৌজার খতিয়ানের ধারাবাহিক নম্বর প্রদান করতে হবে। কোনোভাবেই খতিয়ান নম্বর শূন্য (০) বা অন্য অক্ষর বা শব্দ দেয়া যাবে না। সাধারণ খতিয়ান এবং সরকারি আবাসন প্রকল্পের খতিয়ান নম্বরের ধারাবাহিকতা বজায় রাখতে হবে (যেমনঃ সাধারণ খতিয়ানঃ খতিয়ান নং ৩০৩, জেলাঃ নারায়ণগঞ্জ , উপজেলা/ সার্কেলঃ রূপগঞ্জ, মৌজাঃ ভোলানাথপুর, জে.এল.নং:৮১; আবাসন প্রকল্পের খতিয়ানঃ খতিয়ান নং ৩০৪, জেলাঃ নারায়ণগঞ্জ ,উপজেলা/সার্কেলঃ রূপগঞ্জ, মৌজাঃ ভোলানাথপুর, জে.এল.নং:৮১, রাজউক প্রকল্পের নামঃ পূর্বাচল প্রকল্প)। ই-নামজারি সিস্টেমে প্রস্তাবপত্র প্রেরণকালে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা খসড়া খতিয়ানে সরকারি আবাসন প্রতিষ্ঠান ও তার প্রকল্পের নাম ড্রপডাউন বাটন দিয়ে নির্বাচন করবেন, যা চূড়ান্ত খতিয়ানে উল্লেখ করা থাকবে। কোনো সরকারি আবাসন প্রতিষ্ঠান ও তার প্রকল্পের নাম ই-নামজারি সিস্টেমে অন্তর্ভুক্ত না থাকলে, সরকারি আবাসন প্রকল্পের নাম অন্তর্ভুক্তির জন্য ভূমি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(খ) যে সকল নামজারি খতিয়ানের নম্বর ভিন্নভাবে (যেমনঃ খতিয়ান নম্বর শূন্য (০) বা অন্য অক্ষর বা শব্দ) প্রদান করা হয়েছে, সহকারী কমিশনার (ভূমি) নিজ উদ্যোগে সে সকল খতিয়ান সংশোধন করে মৌজাভিত্তিক ধারাবাহিকভাবে খতিয়ান নম্বর প্রদান করবেন এবং খতিয়ানের কপি সংশ্লিষ্ট দাগের/প্লটের মালিকগণকে প্রদান করে ২নং রেজিস্টার সংশোধন করবেন।

(গ) আবাসন প্রকল্প এলাকায় প্রদত্ত প্লট নম্বরকে দাগ নম্বর হিসেবে দেখাতে হবে। জরিপের সংশ্লিষ্ট (Corresponding) দাগকে আগত দাগ হিসেবে দেখাতে হবে।

(ঘ) তবে কোন প্রকল্প এলাকায় সেকশন বা ব্লকভিত্তিক প্লট নম্বরের পুনরাবৃত্তি (Repetition) হওয়ার সম্ভাবনা থাকায়, ভবিষ্যত বিভ্রাট এড়াতে খতিয়ানের মন্তব্য কলামে সেকশন বা ব্লক নম্বর, রোড নম্বর ও ফ্ল্যাট নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) লিপিবদ্ধ করতে হবে।

৩। কোন মৌজার নতুন রেকর্ড বই প্রকাশিত হলে এবং তা পাওয়া গেলে আবশ্যিকভাবে নতুন রেকর্ডের ভিত্তিতে ২ নং রেজিস্টার খুলে তাতে রেকর্ড অনুসারে নতুন হোল্ডিং লিপিবদ্ধ করে ভূমি উন্নয়ন করের দাবি নির্ধারণ করতে হবে। দাগ-সূচি ধরে হালদাগ ও সাবেক দাগ এবং পুরাতন হোল্ডিং ও নতুন হোল্ডিং সমন্বয় করে পুরাতন রেকর্ড অনুসারে কোন ভূমি উন্নয়ন কর বকেয়া থাকলে, তা হালে খোলা ২নং রেজিস্টারে বকেয়ার কলামে লিখে সুদসহ সমন্বয় করতে হবে। বকেয়াসহ মোট দাবি সংশ্লিষ্ট হোল্ডিংএ লিপিবদ্ধ করতে হবে এবং সে মোতাবেক ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে।

৪। রাজউক ও সরকারি আবাসন এর হোল্ডিং থেকে ভূমি উন্নয়ন কর আদায় করার জন্য ভূমি উন্নয়ন কর সিস্টেমে আবাসন প্রকল্প নামে নতুন অপশন চালু করা হয়েছে। যে সকল ইউনিয়ন ভূমি অফিসের আওতায় রাজউক ও সরকারি আবাসন এর জমি রয়েছে, সেই সকল স্থানে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ প্রত্যেক মৌজায় সৃজিত খতিয়ান নম্বর দিয়ে হোল্ডিং তৈরী করে ভূমি উন্নয়ন কর আদায়ের ব্যবস্থা করবেন।

৫। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

২৬-৬-২০২৩
মোঃ খলিলুর রহমান
সচিব
ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩
ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫
ইমেইল:
secretary@minland.gov.bd

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব (রুটিন দায়িত্ব), মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, আইন ও বিচার বিভাগ
৫) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
৬) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড
৭) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
৮) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
৯) সেল প্রধান (যুগ্মসচিব), ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল, ভূমি মন্ত্রণালয়
১০) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়
১১) জেলা প্রশাসক (সকল)
১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
১৪) সহকারী কমিশনার (ভূমি)
১৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়
১৬) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.১৪.১০৬.২৩.৪৭২

তারিখ ০৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
ভূমি মন্ত্রণালয়
৭১, পুরানা পল্টন, ঢাকা-১০০০

বিষয়: ভূমি মন্ত্রণালয়ের Automated Land Administration and Management System (ALAMS) বিশেষ কর্মসূচির 'আওতায় ৩২৫৮১৪৩- সফটওয়ার ও ডাটাবেজ রক্ষণাবেক্ষণ' কোড হতে দাগ-সূচি অন্তর্ভুক্তি করণে ব্যয় মঞ্জুরি জ্ঞাপন।

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল ল্যান্ড রেকর্ডস (ই-পর্চা) সিস্টেম ভূমি মন্ত্রণালয়ের একটি অন্যতম গুরুত্বপূর্ণ সেবা। সে লক্ষ্যে গত ২৯ মার্চ ২০২৩ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৭ টি স্মার্ট উদ্যোগ উদ্বোধন উপলক্ষ্যে প্রতিটি জেলায় দাগসূচি মৌজা ভিত্তিক সকল জরিপের দাগসূচি এবং মৌজার সর্বশেষ সার্ভে সফটওয়ারে অন্তর্ভুক্তির মাধ্যমে আংশিক খতিয়ান টি প্রস্তুত করা সম্ভবপর হয়েছে। সে প্রেক্ষিতে প্রতিটি জেলায় দাগসূচি অন্তর্ভুক্তির জন্য গত ১৫ জানুয়ারি, ২০২৩ তারিখে স্মারক নং ৩১.০০.০০০০.০৫৭.০৭.১০৪.২৩.২৯ মূলে ৬১ টি জেলায় পত্র প্রেরণ করা হয়েছিল। সে লক্ষ্যে বেশ কিছু জেলা ইতোমধ্যে দাগসূচি অন্তর্ভুক্তির কাজ এগিয়ে নিয়েছে। ৬১ টি জেলাতে ভূমি মন্ত্রণালয়ের বিশেষ কর্মসূচি Automated Land Administration and Management System (ALAMS) এর আওতায় ২০২২-২৩ অর্থবছরে ৩২৫৮১৪৩- সফটওয়ার ও ডাটাবেজ রক্ষণাবেক্ষণ কোড হতে ১৫১.৪০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হলো।

মৌজা ভিত্তিক সকল জরিপে প্রকাশিত দাগসূচি এবং মৌজার সর্বশেষ সার্ভে এক্সেল শীটে অন্তর্ভুক্তি করণে জেলা ভিত্তিক বরাদ্দ নিম্নরুপভাবে বরাদ্দ প্রদান করা হলো:

| ক্রমিক নং | জেলার নাম | ক্যাটাগরী | বরাদ্দের পরিমান (টাকা) | ক্রমিক নং | জেলার নাম | ক্যাটাগরী | বরাদ্দের পরিমান (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | বাগেরহাট | এ | ২১২৫৩৬ | ৩২ | মাগুরা | সি | ১৭৫২৯৬ |
| ২ | বরগুনা | বি | ৯০৩২০ | ৩৩ | মানিকগঞ্জ | এ | ৩১২৯৫২ |
| ৩ | বরিশাল | এ | ২২৬১৬৮ | ৩৪ | মেহেরপুর | সি | ৬৭৪৫৬ |
| ৪ | ভোলা | বি | ১৩৬৪০০ | ৩৫ | মৌলভীবাজার | এ | ২৩৯৮৬৪ |
| ৫ | বগুড়া | এ | ৪২৪৫৬৮ | ৩৬ | মুন্সিগঞ্জ | বি | ১৩৮৬৪০ |
| ৬ | ব্রাহ্মনবাড়ীয়া | এ | ২৮৩০৬৪ | ৩৭ | ময়মনসিংহ | বিশেষ | ৫৯৬৮৮০ |
| ৭ | চাঁদপুর | এ | ৩৭৪৬৪৮ | ৩৮ | নওগাঁ | এ | ৫১৫৮৩২ |
| ৮ | চট্টগ্রাম | বিশেষ | ২৯৮১৯২ | ৩৯ | নড়াইল | সি | ১৩০৮৮০ |
| ৯ | চুয়াডাঙ্গা | বি | ১৩৪৬০৮ | ৪০ | নারায়নগঞ্জ | বি | ১৫৩৮৭২ |
| ১০ | কুমিল্লা | এ | ৯১৯৮০০ | ৪১ | নরসিংদী | বি | ১৩৭৮০৮ |
| ১১ | কক্সবাজার | এ | ১১১৬৭২ | ৪২ | নাটোর | বি | ২১৩২৬৪ |
| ১২ | ঢাকা | বিশেষ | ৩০৯৫৮৪ | ৪৩ | চাপাইনবাবগঞ্জ | বি | ১৫০৯৯২ |
| ১৩ | দিনাজপুর | এ | ১২২৬৮০ | ৪৪ | নেত্রকোনা | এ | ৪০৩৫৭৬ |
| ১৪ | ফরিদপুর | এ | ৩৯৭৮৮০ | ৪৫ | নীলফামারী | বি | ১২৪৪৩২ |
| ১৫ | ফেণী | বি | ১৪৭৭৯২ | ৪৬ | নোয়াখালী | এ | ৪৬৮৪০৮ |
| ১৬ | গাইবান্ধা | বি | ৩৩২৩৬৮ | ৪৭ | পাবনা | এ | ২৪২৪৮৮ |
| ১৭ | গাজীপুর | বিশেষ | ২৪১৮০৮ | ৪৮ | পঞ্চগড় | বি | ৮৬৮৬৪ |
| ১৮ | গোপালগঞ্জ | বি | ১৮২৯২৮ | ৪৯ | পটুয়াখালী | এ | ১৬০৮৮৮ |
| ১৯ | হবিগঞ্জ | এ | ২৬৪৬৩২ | ৫০ | পিরোজপুর | বি | ১৩৭৩৬০ |
| ২০ | জয়পুরহাট | বি | ১৪৮৮১৬ | ৫১ | রাজশাহী | বিশেষ | ৩৩৯৪৭২ |
| ২১ | জামালপুর | বি | ৯৫১৮৪ | ৫২ | রাজবাড়ী | বি | ২০৫৮৪০ |
| ২২ | যশোর | এ | ৪৬০৬০০ | ৫৩ | রংপুর | এ | ২৫৬০৫৬ |
| ২৩ | ঝালকাঠী | সি | ১১৯২৩২ | ৫৪ | শরীয়তপুর | বি | ১৯৫৯৮৪ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৪ | ঝিনাইদহ | বি | ২৫২৮১৬ | ৫৫ | সাতক্ষীরা | এ | ২২৪৯৫২ |
| ২৫ | খুলনা | বিশেষ | ২৩৬৩৬৮ | ৫৬ | সিরাজগঞ্জ | এ | ২৬২২০০ |
| ২৬ | কিশোরগঞ্জ | এ | ২৯৭৭৮৪ | ৫৭ | শেরপুর | বি | ১৫৪২৫৬ |
| ২৭ | কুড়িগ্রাম | এ | ১৭৬৪৪০ | ৫৮ | সুনামগঞ্জ | এ | ৩০৭৩২০ |
| ২৮ | কুষ্টিয়া | বি | ১৩৯৫৩৬ | ৫৯ | সিলেট | এ | ৩১৬৪০৮ |
| ২৯ | লক্ষীপুর | বি | ১৫৪৫১২ | ৬০ | টাংগাইল | এ | ৭৩৫৯৯২ |
| ৩০ | লালমনিরহাট | বি | ১১৭৮৪০ | ৬১ | ঠাকুরগাঁও | বি | ১১১৩১২ |
| ৩১ | মাদারীপুর | সি | ১৬১৭৯২ | মোটঃ | | | ১৫১৪০১১২ |

সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে এ ব্যয় নির্বাহের জন্য পার্বত্য তিন জেলা ব্যতীত অবশিষ্ট ৬১ জেলার, জেলা প্রশাসকগণের অনুকূলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে মোট = ১৫১৪০১১২/- (এক কোটি একান্ন লক্ষ চল্লিশ হাজার একশত বারো ) টাকা মাত্র বরাদ্দ করার জন্য নির্দেশিত হয়ে এ আর্থিক মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করছি।

<u>শর্তসমূহ:</u>

১। ডাটা এন্ট্রি বিল পরিশোধের জন্য শুধুমাত্র প্রয়োজন অনুযায়ী (যখন যতটুকু প্রয়োজন ততটুকু) আইবাস++ হতে অর্থ উত্তোলন করতে হবে।

২। (১) এ ব্যয় বর্তমান ২০২২-২০২৩ অর্থবছরের বিশেষ কর্মসূচি Automated Land Administration and Management System (ALAMS) আওতায় ভূমি মন্ত্রণালয়ের কোড-১৪৬, প্রতিষ্ঠানিক কোড-১৪৬০১০১১১২৪৬৪৯ এর আওতায় ২২৪৩২৩১০০ নং কোডে ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পে আবর্তক ব্যয় বরাদ্দ যা বাজেটের ৩২৫৮-মেরামত ও সংরক্ষণ শিরোনামে **৩২৫৮১৪৩-সফটওয়্যার ও ডাটাবেজ মেইনটেনেন্স** খাত হতে বহন করা হবে।

৩। ডাটা এন্ট্রির জন্য প্রদত্ত সকল বিলের উপর ভ্যাট পরিপত্র (ভ্যাট সেবার নাম –তথ্য প্রযুক্তি নির্ভর সেবা, সেবা কোড-এস ০৯৯.১০ ) অনুযায়ী ৫% হারে ভ্যাট কর্তন করতে হবে।

৪। মৌজা ভিত্তিক দাগ-সূচি এন্ট্রির মজুরী/ পারিশ্রমিক বিল পরিশোধের জন্য এ অর্থ ছাড় করা হলো। এ বরাদ্দের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রসাশকগণ আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং সকল প্রকার বিধি –বহির্ভূত অর্থ উত্তোলন বা খরচের জন্য দায়ী থাকবেন। বরাদ্দকৃত অর্থ জেলা প্রসাশক তাঁর অনুকূলে বিল ভাউচারের মাধ্যমে প্রয়োজন মোতাবেক অর্থ ছাড় ও সমন্বয় করতে পারবেন।

৫। সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরন করে প্রতিটি পূর্ণাঙ্গ ডাটা এন্ট্রির মঞ্জুরী/পারিশ্রমিক পরিশোধ করতে হবে। উল্লেখ্য , আংশিক বা অসম্পূর্ণ ডাটা এন্ট্রির জন্য কোন বিল পরিশোধ করা যাবে না এবং ডাটা এন্ট্রির জন্য ২ বার বিল পরিশোধ করা যাবে না।

৬। এ খাতে রবাদ্দকৃত অর্থ ডাটা এন্ট্রির কাজের মজুরী/পারিশ্রমিক ব্যতীত অন্যকোন খাতে ব্যয় করা যাবে না এবং ৩০ শে জুন ২০২৩ তারিখের মধ্যে ডাটা এন্ট্রি সমাপ্ত করত: ডাটা এন্ট্রির হিসাব, উত্তোলিত অর্থ ব্যায়ের হিসাব প্রদান করতে হবে। বরাদ্দকৃত অর্থ ব্যয় সংক্রান্ত যাবতীয় হিসাব বিবরণী বিধি মোতাবেক বিল ভাউচারসহ যাবতীয় কাগজপত্র নিরীক্ষা (Audit) এর জন্য তাঁর অফিসে সংরক্ষণ করবেন। উল্লেখ্য, রবাদ্দকৃত অর্থের হিসাব বিবরণী প্রতিবেদন না পাওয়া গেলে পরবর্তীতে এ খাতে কোন অর্থ ছাড় করা হবে না।

৭। প্রয়োজনে অব্যয়িত অর্থ ফেরত না দিকেয় জেলা প্রশাসকের কার্যালয়ে দাগ-সূচি এন্ট্রির ব্যাংক হিসাব নামে একটি হিসাব খুলে সে হিসাব নম্বরে জমা রেখে পরের অর্থ বছরে দাগ-সূচি এন্ট্রির কাজে ব্যবহার করতে হবে।

৮। এ বিষয়ে দাগ-সূচি এন্ট্রির হার নির্ধারণ সংক্রান্ত পরিপত্র এবং এ আর্থিক মঞ্জুরী আদেশ ভূমি মন্ত্রণালয়ের <u>www.minland.gov.bd</u> ওয়েবসাইটে পাওয়া যাবে।

৯। (৭) দাগ-সূচি এন্ট্রির ব্যয়িত, অব্যয়িত ও উত্তোলিত অর্থের হিসাবসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন পূর্ব নির্ধারিত ছকে ৩০ জুন ২০২৩ এর মধ্যে সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

১০। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০২১০-২০১০-৫৭৪; নম্বর পরিপত্র অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আর্থিক ক্ষমতা বলে এ মঞ্জুরী আদেশ জারী করা হলো।

১১। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার তাঁকে ৬১ টি জেলার (পার্বত্য ৩ জেলা ব্যতীত) অনুকূলে এই মঞ্জুরীপত্র অগ্রায়ন/এনডোর্স করার জন্য অনুরোধ করা হলো।

১২.০৬.২০২৩

সেলিম আহমদ
উপসচিব
ফোন: ০১৭১৬০৬৩২০৩
ই-মেইল: <u>lsdmc1@minland.gov.bd</u>

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.১৪.১০৬.২৩.৪৭২/১(৬)

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। বিভাগীয় কমিশনার------------------------(সকল)।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল) পার্বত্য তিন জেলা ব্যতিত।
৪। মন্ত্রীর একন্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপসচিব (বাজেট), ভূমি মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়/অটোমেশন প্রকল্প। তাঁকে সরকারি মঞ্জুরী পত্রটি অটোমেশন প্রকল্পের/মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড এবং বিভাগওয়ারী জেলা প্রশাসকগণের ই-মেইলে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল জেলা (পার্বত্য তিন জেলা ব্যতিত)।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
১০। অফিস কপি/মাস্টার ফাইল।

১৯.০৬.২০২৩

সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১৪.২০.৩৯৫

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ সকল উপজেলার অন্তর্ভুক্ত প্রতিটি মৌজার নামজারি খতিয়ান তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সকল উপজেলায় বিদ্যমান নামজারি খতিয়ান তথ্য বিশ্লেষণ, **স্মার্ট ভূমি রেকর্ডস (ই-পর্চা)** সিস্টেমের সাথে তথ্য যাচাই, বর্তমান অবস্থা এবং পরবর্তী করণীয় নির্ধারণ করার লক্ষ্যে মৌজা ভিত্তিক নামজারি খতিয়ানের নিম্নলিখিত তথ্য জরুরী ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন।

০২। নামজারি খতিয়ান তথ্য সরবরাহকালে আপনার উপজেলার মৌজা ভিত্তিক সর্বমোট খতিয়ান সংখ্যা, সিস্টেমে এন্ট্রিকৃত খতিয়ান সংখ্যা, এন্ট্রি হয়নি এমন খতিয়ান সংখ্যা এবং এন্ট্রিযোগ্য নয় এমন খতিয়ান সংখ্যা উল্লেখ করতে হবে।

০৩। এমতাবস্থায়, নামজারি খতিয়ানের চাহিত তথ্যগুলি সংযুক্ত এক্সেল শীট অনুসরণ করে আপনার উপজেলার অন্তর্ভুক্ত সকল মৌজার জন্য প্রস্তুত করে আগামী ০৫ জুন ২০২৩ খৃষ্টাব্দ তারিখের ভিতর নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কুরিয়ার মারফত অথবা ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ নমুনা এক্সেল শীট


স্বা:
সেলিম আহমদ
উপসচিব
ফোন: ০১৭১৬-০৬৩২০৩
ই-মেইল: lsdmc1@minland.gov.bd


সহকারী কমিশনার (ভূমি)
..................... সকল।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১৪.২০.৩৯৫/১(১০)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। যুগ্ম সচিব, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্ম সচিব (জরিপ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৯। ব্যবস্থাপনা পরিচালক, সফটবিডি লিমিটেড, ঢাকা।
১০। অফিস কপি

২৪.০৫.২৩
সেলিম আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১৪.২০.৩৯৪

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ সার্ভে খতিয়ান তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সকল উপজেলায় বিদ্যমান সার্ভে খতিয়ান তথ্য বিশ্লেষণ, **স্মার্ট ভূমি রেকর্ডস (ই-পর্চা) সিস্টেমের** সাথে তথ্য যাচাই, বর্তমান অবস্থা এবং পরবর্তী করণীয় নির্ধারণ করার লক্ষ্যে উপজেলা ভিত্তিক সার্ভে খতিয়ানের নিম্নলিখিত তথ্য জরুরী ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন।

০২। সার্ভে খতিয়ান তথ্য সরবরাহকালে আপনার জেলার অন্তর্ভুক্ত সকল উপজেলার সর্বমোট খতিয়ান সংখ্যা, সিস্টেমে এন্ট্রিকৃত খতিয়ান সংখ্যা, এন্ট্রি হয়নি এমন খতিয়ান সংখ্যা এবং এন্ট্রিযোগ্য নয় এমন খতিয়ান সংখ্যা উল্লেখ করতে হবে।

০৩। এমতাবস্থায়, সার্ভে খতিয়ানের চাহিত তথ্যগুলি সংযুক্ত এক্সেল শীট অনুসরণ করে আপনার জেলার অন্তর্ভুক্ত সকল উপজেলার জন্য প্রস্তুত করে আগামী ০৫ জুন ২০২৩ খৃষ্টাব্দ তারিখের ভিতর নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কুরিয়ার মারফত অথবা ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ নমুনা এক্সেল শীট

স্বাঃ
সেলিম আহমদ
উপসচিব
ফোন: ০১৭১৬-০৬৩২০৩
ই-মেইল:
lsdmc1@minland.gov.bd

জেলা প্রশাসক
...............(সকল)।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩২.০১৪.২০. ৩৯৪/১(১০)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। যুগ্ম সচিব, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্ম সচিব (জরিপ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৯। ব্যবস্থাপনা পরিচালক, সফটবিডি লিমিটেড, ঢাকা।
১০। অফিস কপি

২৪.০৫.২৫
সেলিম আহমদ
উপসচিব

# ভূমি মন্ত্রণালয়

উন্নত নাগরিক সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ